ডাইভারসিটি ভিসা (ডিভি) কর্মসূচী:

বাংলাদেশ যুক্তরাষ্ট্রে অধিক অভিবাসীর দেশের সমান অবস্থায় উত্তীর্ণ

অভিনন্দন। গত পাঁচ বছরে, বাংলাদেশ ৫০,০০০-এর অধিক 'অভিবাসন ভিসাধারীদের' যুক্তরাষ্ট্রে পাঠিয়েছে। এটা একটি সুসংবাদ কারণ এর মাধ্যমে প্রমাণিত হয় যে বাংলাদেশ থেকে আইনানুগ অভিবাসীদের স্বাগতম জানানোর লক্ষ্যসীমা যুক্তরাষ্ট্র অর্জনে সক্ষম হয়েছে। যুক্তরাষ্ট্রে বাংলাদেশ থেকে আগত বলে দাবি করে এমন অধিবাসীর সংখ্যা এখন প্রায় পাঁচ লক্ষেরও অধিকে পৌঁছেছে।

ডিভি লটারি কর্মসূচী যুক্তরাষ্ট্র কংগ্রেস অনুমোদিত যার লক্ষ্য হলো যুক্তরাষ্ট্রে সেসব দেশের অভিবাসীদের সংখ্যা বৃদ্ধি করা ঐতিহাসিকভাবে যেসব দেশ থেকে যুক্তরাষ্ট্রে অল্পসংখ্যক আইনানুগ অভিবাসীর আগমন ঘটেছে। যেহেতু বাংলাদেশ আর এই সংজ্ঞার আওতাধীন নয় সেজন্য বাংলাদেশীদের জন্য ২০১২ সালের ডিভি লটারিই এই কর্মসূচীতে অংশগ্রহণের শেষ সুযোগ। যুক্তরাষ্ট্রে অন্যান্য অধিক অভিবাসীর দেশ যেমন চীন, ভারত, মেক্সিকো ও যুক্তরাজ্যের সাথে বাংলাদেশও এবার এ সকল দেশের সমান অবস্থায় উত্তীর্ণ হলো।

যেহেতু বাংলাদেশ ডিভি কর্মসূচীর অবস্থান থেকে যুক্তরাষ্ট্রে অধিক অভিবাসীর অবস্থানে উত্তীর্ণ হয়েছে এজন্য ২০১৩ ডিভি কর্মসূচীতে বাংলাদেশীদের আবেদন না করার জন্য অনুরোধ করা যাচ্ছে। আবেদনকারীরা যদি মিথ্যার আশ্রয় নিয়ে অন্য একটি দেশের বাসিন্দা হিসেবে উল্লেখিত সময়সীমার মধ্যে আবেদন করে তাহলে তাদের আবেদন খারিজ করা হবে এবং সেই মিথ্যে আবেদনের প্রেক্ষিতে যদি কেউ ভিসা সাক্ষাৎকারে অংশগ্রহণের জন্য আসে তাহলে সেই ব্যক্তি দ্বারা প্রদত্ত সকল প্রকার আবেদন ফি বাজেয়াপ্ত করা হবে।

২০১২ সালের ডাইভার্সিটি ভিসা বিজয়ীরা এই ঘোষণায় ক্ষতিগ্রস্ত হবেন না। গত ২০১০ সালের অক্টোবর মাস থেকে নভেম্বর পর্যন্ত যারা আবেদন করেছেন তারা চলতি ২০১১ সালের জুন মাস থেকে আগামী ২০১২ সালের জুন মাস পর্যন্ত তাদের আবেদনপত্র কোন পর্যায়ে রয়েছে তা www.dvlottery.state.gov এ দেখতে পারেন। সাক্ষাৎকারের জন্য নির্বাচিত হলে নিজেদের ভিসা সম্পর্কিত প্রক্রিয়াসমূহ অনুসরণ করতে হবে এবং অক্টোবর, ২০১১ থেকে ২০১২ সালের সেপ্টেম্বর মাসের মধ্যে তাদেরকে সাক্ষাৎকারের জন্য সময় দেয়া হবে।

ডাইভার্সিটি ভিসা কর্মসূচী সম্পর্কিত সম্ভাব্য প্রতারণা থেকে সাবধান থাকতে হবে। আপনি ডাইভার্সিটি ভিসা জিতেছেন - এ দাবী করে কেউ কেউ আপনার কাছে স্বশরীরে আসতে পারে অথবা আপনাকে ই-মেইল পাঠাতে পারে। এই সকল ব্যক্তি অথবা ই-মেইল বার্তার বিষয়ে সতর্ক থাকতে হবে। আপনি ডাইভার্সিটি ভিসা জিতেছেন কিনা তা জানার একমাত্র উপায় হচেছ ওয়েবসাইট www.dvlottery.state.gov এ ভিজিট করা এবং এন্ট্রি স্ট্যাটাস চেক ব্যবহার করে আপনার কনফার্মেশন নম্বর চেক করা।

ডাইভারসিটি ভিসা কর্মসূচী ২০১২: বিজ্ঞপ্তি

সকল যোগ্য আবেদন পত্রের মধ্যে থেকে কম্পিউটারের মাধ্যমে নির্বিচারে বাছাই করা হয়েছে। ডিভি-২০১২ কর্মসূচীতে আবেদনকারীরা যারা ভিসার জন্য নির্বাচিত হননি, তাদের সাথে কোনো যোগাযোগ করা হবে না। আবেদনকারীরা তাদের এন্ট্রি স্টাটাস চেক করতে পারেন অনলাইনের মাধ্যমে এখানে: www.dvlottery.state.gov/esc

ডাইভারসিটি ভিসা (ডিভি) কর্মসূচী ফিস:

ডিভি কমসূচীতে বিজয়ীদের মার্কিন যুক্তরাষ্ট্রের ইমিগ্রেশনের ভিসা ফিস সংক্রান্ত বিষয় সহ পরবর্তী নিয়মাবলীগুলো জানানো হবে। ডাইভারসিটি ভিসা আবেদনের ফী বর্তমানে জনপ্রতি ৩৩০ ডলার। আবেদনপত্রের এই ফী হচ্ছে একমাত্র প্রয়োজেনীয় ফি। আবেদনকারীকে নির্ধারিত ইন্টারভিউ তারিখের পূর্বে এই ভিসা ফি আমেরিকান ডলার অথবা বাংলাদেশী টাকার মাধ্যমে নিম্নলিখিত স্থানে পরিশোধ করতে হবে।

স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক
উত্তর গুলশান শাখা
১৮৯ গুলশান এভিনিউ (উত্তর)
গুলশান - ২
ঢাকা -১২১২

ভিসা আবেদনের ফী - ভিসা প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করে না। আবেদন ফী অফেরতযোগ্যে, এমনকি ভিসা প্রদান করা না হলেও।

ডাইভারসিটি ভিসা সাক্ষাৎকার (ইন্টারভিউ):

লটারীতে বিজয়ীগনকে ঢাকাস্থ আমেরিকান দুতাবাসে সাক্ষাৎকারের জন্য তারিখ নির্ধারন করা হয়। ডাইভারসিটি লটারি কর্মসুচীতে নিবার্চিত হওয়া - ভিসা প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করে না। আবেদেনকারী নিম্ন বর্ণিত বিভিন্ন কারনে ভিসার জন্য অযোগ্য হতে পারে।

১। আবেদন ফর্মে ভুল অথবা অসম্পূর্ণ তথ্য প্রদান করা

২। আবেদনকারীর ছবি যদি প্রয়োজনীয় শর্তাবলী পূরণ করতে না পারে

৩। পূর্বের কোনো অযোগ্যতা

৪। ডিভি কমসূচীর শর্তাবলী পূরণে ব্যর্থ হলে

আপনার ডিভি ইন্টারভিউ এর সময় আপনি যদি বিবাহিত হন, আপনার স্বামী/স্ত্রী এবং সকল সন্তানদের (যারা ২১ বছরের নিচে) উপস্থিত থাকতে হবে-এমনকি যদি তারা এখন আপনার সাথে যুক্তরাষ্ট্রে যাওয়ার পরিকল্পনা নাও করে থাকে। পরিবারের সকল সদস্যকে সাক্ষাৎকারের পূর্বে ভিসা ফী জমা দিতে হবে। সাক্ষাৎকারের দিন আপনাকে বৈবাহিব সম্পর্ক এবং পারিবারিক সম্পর্কের সকল প্রমনাদি জমা দিতে প্রস্তুত থাকতে হবে (যেমন ইংরেজী অনুবাদ সহ নিকাহনামা, বিবাহের ছবি ইত্যাদি।

ডাইভারসিটি ভিসা সাক্ষাৎকারের তারিখ পুননির্ধারণ করা হয় না। কোনো আবেদনকারী যদি সাক্ষাৎকারের দিন উপস্থিত না হতে পারে তবে আবেদনকারীর ডিভি-২০১২ সালের আবেদন বাতিল হয়ে যাবে।

মেডিকেল রিপোর্ট সংক্রান্ত তথ্য এবং খরচ:

২ থেকে ১৪ বছর বয়সী সকল ইমিগ্রান্ট এবং ভিসা আবেদনকারীদের Tuberculosis Skin Test (TST) করাতে হবে তাদের পছন্দের আমাদের তালিকাভুক্ত একজন চিকৎসকের কাছে। TST পরীক্ষার জন্য চিকৎসকের কাছে দুই বার যেতে হবে:

১। প্রথমবার চিকৎসকের কাছে যেতে হবে পরীক্ষার প্রশাসনিক কাজের জন্য

২। পরেরবার যেতে হবে আসল পরীক্ষা করার জন্য (তিন দিন পর)

২ থেকে ১৪ বছর বয়সী সকল আবেদনকারীদের প্রাথমিক মেডিকেল পরীক্ষার তিন দিন পর আমাদের তালিকাভুক্ত চিকৎসকের কাছে যেতে হবে।

১৪ বছর বয়স পর্যন্ত সকল আবেদনকারীর ডাক্তারি ফিস জনপ্রতি ১৬০০ টাকা এ ১৫ বছর বা তার উর্ধে আবেদকারীর ক্ষেত্রে ফিস জনপ্রতি ৩০০০ টাকা।

আপনার পরিবারের সকল সদস্যকে সাক্ষাৎকারের পূর্বে মেডিকেল পরীক্ষা করাতে হবে। যদি আপনার মেডিকেল রিপোর্ট সাক্ষাৎকারের পূর্বেই আমাদের হাতে এসে না পৌছায়, তাহলে আপনার পুরো পরিবারের ইন্টারভিউ এর তারিখ পুননির্ধারণ করা হবে না।

আপনার সাক্ষাৎকারের কমপক্ষে সাত দিন আগে মেডিকেল পরীক্ষা শুরু করবেন কারণ মেডিকেল পরীক্ষা সম্পন্ন করতে কয়েকদিন বা তার বেশী সময় লাগতে পারে। আপনি যদি তা না করেন তাহলে আপনার মেডিকেল পরীক্ষার রিপোর্ট আপনার সাক্ষাৎকারের পূর্বে আমাদের হাতে পৌঁছাবে না। সেক্ষেত্রে আপনার ডাইভারসিটি ভিসা সাক্ষাৎকার আর নেওয়া হবে না।

মেডিকেল পরীক্ষার জন্য তালিকাভুক্ত চিকৎসকের কাছে যাবার সময় প্রতিবার আপনার পাসপোর্ট সাথে নিতে হবে।

প্রতারণা বিষয়ে সতর্কতা:

জাল বা ভুয়া কিছু ওয়েবসাইট আছে যা আমেরিকান সরকারের অফিসিয়াল ওয়েবসাইট হিসাবে কাজ করছে। কিছু ভুয়া প্রতিষ্ঠান আছে যারা আমেরিকান সরকার হিসাবে ডাইভারসিটি এন্ট্রি ফর্ম পূরণ করার জন্য টাকা দাবি করছে। ইলেক্ট্রনিক ডাইভারসিটি ভিসা এন্ট্রি ফর্ম ডাউনলোড করতে কিংবা পূরণ করতে কোন চার্জ লাগে না। বিস্তারিত জানতে ভিজিট করুন Department of State Fraud Warning এবং Federal Trade Commission Warning

ডিভি কর্মসূচির সাথে সাথে জড়িত যে কোন জালিয়াতি বিষয়ে যদি আপনি অবগত থাকেন আমাদের ইমেইল করুন এই ঠিকানায়: dhakadvfraud@state.gov

ডাইভারসিটি ভিসা সংক্রান্ত বিস্তারিত তথ্য:

ঢাকা কনসুলার সেকশন কোনো ডিভি কেস নিয়ে কাজ করছে - এমন কোনো কেস সম্পর্কে জানতে হলে আমাদের ইমেইল করতে পারেন এই ঠিকানায়: DhakaDV@state.gov সেক্ষেত্রে আপনার কেস নাম্বার, পুরো নাম ও জন্ম তারিখ (প্রতি আবেদনকারীর) অবশই উল্লেখ করতে হবে।